

হোম অটোমেশনে মাইক্রোসফটের হোমওএস!

ডেস্কটপ বা ল্যাপটপ পিসি'র অপারেটিং সিস্টেমে বিশ্বব্যাপী জনপ্রিয় এক নাম মাইক্রোসফট। তাদের উইন্ডোজ অপারেটিং সিস্টেম দিয়ে তারা গোটা প্রযুক্তি বিশ্বকে দখল করে রেখেছে। তবে কেবল কম্পিউটার অপারেটিং সিস্টেমই নয়, মাইক্রোসফট নানান ধরনের নতুন নতুন ধারণা দিয়েও বিশ্বকে মাতিয়ে রেখেছে। আজ থেকে প্রায় এক যুগ আগে মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস এমন এক ধরনের সিস্টেমের কথা



হোমওএস-এর কাজের এরকম একটি নমুনা প্রদর্শন করা হয়েছে

অপারেটিং সিস্টেমের নাম দেওয়া হয়েছে 'হোমওএস'। ইতিমধ্যেই এই হোমওএস তৈরি সমাপ্ত করে গত প্রায় আট মাস ধরে পরীক্ষামূলকভাবে এটি ব্যবহার করা হয়েছে ১২টি বাসাবাড়িতে। মাইক্রোসফট জানিয়েছে, বিভিন্ন স্তরের প্রোগ্রামাররা এর জন্য নানান ধরনের অ্যাপ্লিকেশনও তৈরি করছেন। আর 'হোমস্টোর' নামের একটি অনলাইন স্টোরে এর জন্য তৈরি এসব অ্যাপ্লিকেশন পাওয়া যাবে। সি# এবং ডটনেট ৪.০-এর উপর ভিত্তি করে তৈরি হোমওএস উইন্ডোজনির্ভর কিনা সেটি অবশ্য জানায়নি মাইক্রোসফট। এই অপারেটিং সিস্টেমটি একটি গেটওয়ে কম্পিউটার দ্বারা নিয়ন্ত্রিত হবে। এর মাধ্যমে বাড়ির বিদ্যুৎ খরচের মনিটরিং করা যাবে এবং দূর থেকে বাড়ির উপর নজরদারি করা যাবে। এই সিস্টেমে চেহারা সনাক্তকরণের ব্যবস্থাও রয়েছে। যার ফলে এই সিস্টেমে নিরাপত্তার বিষয়টিও নিশ্চিত থাকবে। আমাদের দৈনন্দিন জীবনকে আরও বেশি সহজ করে তুলতেই এই হোমওএস এর আবির্ভাব—এমনটিই জানিয়েছে মাইক্রোসফট। পরীক্ষামূলকভাবে এটি বাসাবাড়িতে ব্যবহার করা শুরু করলেও কবে নাগাদ এটি বাজারে নিয়ে আসতে পারে, সে সম্পর্কে কিছু জানায়নি মাইক্রোসফট।